গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-১ অধিশাখা
www.mofl.gov.bd

নং ৩৩.০০.০০০০.১১৭.১১.০০২.১৬-৭৩০

তারিখঃ ০৩ ভাদ্র ১৪২৩ / ১৮ আগস্ট ২০১৬

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ/০৭ আগস্ট, ২০১৬ খ্রিষ্টাব্দ তারিখের নম্বর ০৫.০০.০০০০.১৪৭.৩৪.০০৪.১৫-২০১ সংখ্যক প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ সরকারি কর্মকমিশন কর্তৃক গৃহীত ৩৪ তম বিসিএস পরীক্ষা, ২০১৩ এর ফলাফলের ভিত্তিতে কমিশনের ১৫/০৯/২০১৫ খ্রি. তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০০৬.২০১৪/১১৭ সংখ্যক পত্রের সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনের ৩(১) নম্বর অনুচ্ছেদে বর্ণিত ০১ (এক) জন বৈজ্ঞানিক কর্মকর্তা পদে বিসিএস (লাইভস্টক) ক্যাডারের প্রবেশ পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ২২০০০-৫৩০৬০/- বেতনক্রমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিয়োগ/পদায়ন প্রদান করা হলঃ

(ক) তাঁকে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে:

(খ) উক্ত বুনিয়াদি প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকরি সংশিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনক ভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ শরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উল্লিখিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) ৩৪তম বি.সি.এস পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(ঠ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না।

(ড) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিক ভাবে তাঁর নিয়োগ বাতিল হবে এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে।

২। অনুচ্ছেদ-১- এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৩ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ/১৮ আগস্ট, ২০১৬ খ্রিস্টাব্দ তারিখ পূর্বাহ্নে নিম্ন তাঁর নামের বিপরীতে বর্ণিত কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হল। নির্ধারিত তারিখে যোগদান না করিলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মতি নন বলে ধরে নেয়া হবে এবং এর নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

অ:পৃ:দ্র:

পূর্ব পৃষ্ঠার পর

পদের নামঃ বৈজ্ঞানিক কর্মকর্তা

ক্র:নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম,পিতার নাম, মাতার নাম স্থায়ী ঠিকানা ও জন্মতারিখ	পদায়নকৃত পদ ও কর্মস্থল
০১.	৫২	০৭২৬৪৮	মোছা: নাজনীন ফাতেমা পিতা:মো: আলী আজম মন্ডল, মাতা:মোছা: পিয়ারা বেগম, গ্রাম:সুজাইতপুর (পশ্চিম পাড়া), ডাকঘর: সোনাতলা, থানা: সোনাতলা, জেলা: বগুড়া, জন্ম তারিখ: ১৭/০৬/১৯৮৬	বৈজ্ঞানিক কর্মকর্তা এফডিআইএল, মানিকগঞ্জ।

৩। জনস্বার্থে এ পদায়ন প্রজ্ঞাপন জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৮-০৮-২০১৬

(কে.এফ.এম.জেসমীন আখতার)
উপসচিব
ফোনঃ ৯৫৬৬৯৪৭
email:livestock1@mofl.gov.bd

নং ৩৩.০০.০০০০.১১৭.১১.০০২.১৬-৭৩০

তারিখঃ ০৩ ভাদ্র ১৪২৩ / ১৮ আগস্ট ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়।
৫। রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
৬। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
৭। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি সড়ক, ফার্মগেইট, ঢাকা- নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করবেনঃ-

ক. যোগদানের পর কর্মকর্তাগণের নিকট থেকে ও এস আর ফরম-১ ও এস আর ফরম-৩ যোগদানপত্রের অনুলিপি সংগ্রহ করে এ মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করবেন।

খ. শিক্ষানবিসকালের মধ্যে নব নিয়োগকৃত কর্মকর্তাগণ যাতে বুনিয়াদী প্রশিক্ষণসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হয়ে চাকরিতে স্থায়ী হতে পারেন, সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করবেন।

গ. কর্মকর্তা নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে তাঁর নাম যোগদানের জন্য নির্ধারিত তারিখের ০৭ (সাত) দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
১১। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, এ.জি.বি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এফ.ডি.আই.এল, মানিকগঞ্জ কে
যোগদানকৃত কর্মকর্তার নিকট থেকে ও.এস.আর ফরম-১ এবং ও.এস. আর ফরম-৩, যোগদানপত্র, যৌতুক গ্রহণ ও প্রদান করবেন না মর্মে বন্ড, এবং ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালার বিধি-১৩ মতে সম্পত্তির ঘোষণাপত্র মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৪। উপজেলা চেয়ারম্যান.....।
১৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা.....।
১৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ...।
১৭। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা.....।
১৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ...।
১৯। জনাব .....।